

যায়যায়দিন

তারিখ ... 04 JAN 2008 ...

পৃষ্ঠা ২৫ খণ্ড ৩

২২ ফেব্রুয়ারি

প্রেসিডেন্টের সঙ্গে ভিসির সাক্ষাৎ আইনি প্রক্রিয়ায় সমাধান হবে ছাত্র-শিক্ষক ইস্যু

ঢাকা ইউনিভার্সিটি রিপোর্টার

ঢাকা ইউনিভার্সিটি শিক্ষক সমিতির দাবি অনুযায়ী জেলবন্দি ছাত্র-শিক্ষকদের গামলা প্রত্যাহার করে নিঃশর্ত মুক্তি দেয়া হচ্ছে না। আইনি প্রক্রিয়ার মাধ্যমেই ছাত্র-শিক্ষক ইস্যুর সমাধান হবে। বিষয়টি আইনি প্রক্রিয়ায় দ্রুত সমাধানের জন্য সরকার সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছে। ইউনিভার্সিটির একটি দায়িত্বশীল সূত্র এ বিষয়টি নিশ্চিত করেছে।

এদিকে গতকাল দুপুরে ঢাকা ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. এস এম এ ফায়েজ দেখা করেছেন চ্যান্সেলর ও প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদের সঙ্গে। আটক ছাত্র-শিক্ষকের মুক্তির বিষয়েই তিনি প্রেসিডেন্টের সঙ্গে এ সাক্ষাৎ করেন।

আলোচনার বিষয়ে ভিসি সাংবাদিকদের বলেন, জেলবন্দি ছাত্র-শিক্ষকদের মুক্তির বিষয়টি গুরুত্ব সহকারে সেখানে আলোচনা হয়। শিক্ষকদের সম্মানজনকভাবে মুক্তির ব্যাপারে প্রেসিডেন্ট আশাবাদী।